# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 01 May, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) শারীরিক শিক্ষা বিভাগের ব্যবস্থাপনায় ছাত্রদের আন্তঃবিভাগ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৫ শুরু হতে যাচ্ছে।আগামী ০৭ মে থেকে মাঠে গড়াবে টুর্নামেন্টটি।

সোমবার (২৮ এপ্রিল) প্রত্নতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ও ক্রীড়া পরিচালনা কমিটির আহ্বায়ক ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন এবং শারীরিক শিক্ষা বিভাগের উপ-পরিচালক ও ক্রীড়া পরিচালনা কমিটির সদস্য সচিব মনিরুল আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

শারীরিক শিক্ষা বিভাগ সূত্রে জানা যায়, টুর্নামেন্টটি আগামী ৭ মে শুরু হবে। টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে ২০ মে ।নকআউট পর্বে ১০ ওভারে খেলা হলেও সেমিফাইনাল ও ফাইনাল হবে ১৫ ওভারে।১৯টি বিভাগের সবগুলোই এতে অংশ নেবে।

এবিষয়ে ক্রীড়া পরিচালনা কমিটির আহ্বায়ক ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন বলেন, 'গত বছর জুলাই মাসের আন্দোলন ও নানা কারণে আমাদের স্পোর্টস শিডিউল যথাসময়ে পরিচালিত হয়নি। আমি যখন গত নভেম্বরে দায়িত্ব গ্রহণ করি তখন আমার অঙ্গীকার ছিল, খেলাগুলো অবশ্যই সম্পন্ন করা হবে। সেই প্রতিশ্রুতি থেকে আমরা সবগুলো খেলা আয়োজন করতে পেরেছি, যদিও সময়মতো হয়নি। এখন কেবল ক্রিকেট প্রতিযোগিতা বাকি আছে। আগামী ৭ তারিখ থেকে আমরা আন্তঃবিভাগ ক্রিকেট টুর্নামেন্ট শুরু করতে যাচ্ছি। এই ক্রিকেট টুর্নামেন্টের মধ্য দিয়েই কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ক্রীড়া কার্যক্রমের সমাপ্তি ঘটবে।

তিনি আরও বলেন, 'আমরা ২০২৫-২৬ শিক্ষাবর্ষের জন্য একটি পূর্ণাঙ্গ ক্রীড়া ক্যালেন্ডার প্রণয়ন করবো, যাতে প্রতিটি খেলা যথাসময়ে সুশৃঙ্খলভাবে পরিচালনা করা যায়।

আন্তঃবিভাগ ক্রিকেট টুর্নামেন্ট

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:03

URL: https://timestodaybd.com/public/campus/2105221723